# قَلب

# অন্তর

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “ **قَلب  অন্তর/হৃদয়** ”।

ق ل ب দ্বারা গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মজীদে ১২৩ বার এসেছে।

**পবিত্র কোরআনুল কারীমে ইরশাদ হচ্ছে:**

১। **আমরা জাহান্নামের জন্যেই তৈরি করেছি  জিন ও ইনসানের অনেককে, তাদের অন্তর আছে, তবে তা দিয়ে তারা উপলব্ধি করে না।**

وَلَقَدْ ذَرَأْنَا لِجَهَنَّمَ كَثِيراً مِّنَ ٱلْجِنِّ وَٱلإِنْسِ لَهُمْ قُلُوبٌ لاَّ يَفْقَهُونَ بِهَا وَلَهُمْ أَعْيُنٌ لاَّ يُبْصِرُونَ بِهَا وَلَهُمْ آذَانٌ لاَّ يَسْمَعُونَ بِهَآ أُوْلَـٰئِكَ كَٱلأَنْعَامِ بَلْ هُمْ أَضَلُّ أُوْلَـٰئِكَ هُمُ ٱلْغَافِلُونَ ﴿١٧٩﴾

আমি তো বহু জিন ও মানবকে জাহান্নামের জন্য সৃষ্টি করিয়াছি ; তাহাদের হৃদয় আছে কিন্তু তদ্দ্বারা তাহারা উপলব্ধি করে না, তাহাদের চক্ষু আছে তদ্দ্বারা দেখে না এবং তাহাদের কর্ণ আছে তদ্দ্বারা শ্রবণ করে না; ইহারা পশুর ন্যায়, বরং উহারা অধিক পথভ্রষ্ট । উহারাই গাফিল । সূরা আ'রাফ ৭ঃ ১৭৯

২। **জেনে রাখো, প্রকৃত মুমিন হলো তারা, আল্লাহর কথা স্মরণ করিয়ে দেয়া হলে যাদের অন্তর কেঁপে উঠে।**

إِنَّمَا ٱلْمُؤْمِنُونَ ٱلَّذِينَ إِذَا ذُكِرَ ٱللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَاناً وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ ﴿٢﴾

মু'মিন তো তাহারাই, যাহাদের হৃদয় কম্পিত হয় যখন আল্লাহকে স্মরণ করা হয় এবং যখন তাঁহার আয়াত তাহাদের নিকট পাঠ করা হয়, তখন উহা তাহাদের ঈমান বৃদ্ধি করে এবং তাহারা তাহাদের প্রতিপালকের উপরই নির্ভর করে, সূরা আনফাল ৮ঃ ২



To learn more click here

৩। **তারা ভয় করে সেই দিনটিকে যেদিন মানুষের অন্তর ও চোখ উল্টে যাবে।**

رِجَالٌ لاَّ تُلْهِيهِمْ تِجَارَةٌ وَلاَ بَيْعٌ عَن ذِكْرِ اَللهِ وَإِقَامِ اَلصَّلواةِ وَإِيتَآءِ اَلزَّكَواةِ يَخَافُونَ يَوْماً تَتَقَلَّبُ فِيهِ اَلْقُلُوبُ وَاَلأَبْصَارُ ﴿٣٧﴾

সেইসব লোক, যাহাদেরকে ব্যবসা-বাণিজ্য এবং ক্রয়-বিক্রয় আলাহ্‌র স্মরণ হইতে এবং সালাত কায়েম ও যাকাত প্রদান হইতে বিরত রাখে না, তাহারা ভয় করে সেই দিনকে যেই দিন অনেক অন্ত র ও দৃষ্টি বিপর্যস্ত হইয়া পড়িবে- সূরা নূর ২৪ঃ ৩৭

৪। **ধ্বংস সেইসব কঠোর হৃদয় লোকদের জন্যে যারা আল্লাহর স্মরণ থেকে বিমুখ।**

أَفَمَن شَرَحَ اَللهُ صَدْرَهُ لِلإِسْلاَمِ فَهُوَ عَلَىٰ نُورٍ مِّن رَّبِّهِ فَوَيْلٌ لِّلْقَاسِيَةِ قُلُوبُهُم مِّن ذِكْرِ اَللهِ أُوْلَـٰئِكَ فِى ضَلاَلٍ مُّبِينٍ ﴿٢٢﴾

আলাহ্‌ ইসলামের জন্য যাহার বক্ষ উন্মুক্ত করিয়া দিয়াছেন এবং যে তাহার প্রতিপালক-প্রদত্ত আলোতে রহিয়াছে, সে কি তাহার সমান যে এরূপ নয় ? দুর্ভোগ সেই কঠোরহৃদয় ব্যক্তিদের জন্য যাহারা আল্লাহর স্মরণে পরাঙ্মুখ! উহারা স্পষ্ট বিভ্রান্তিতে আছে । সূরা যুমার ৩৯ঃ ২২

৫। **তারপর তাদের চর্ম (দেহ) ও অন্তর (মন) কোমল হয়ে আল্লাহর স্মরণে ঝুঁকে পড়ে।**

اَللهُ نَزَّلَ أَحْسَنَ اَلْحَدِيثِ كِتَاباً مُّتَشَابِهاً مَّثَانِىَ تَقْشَعِرُّ مِنْهُ جُلُودُ اَلَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُمْ ثُمَّ تَلِينُ جُلُودُهُمْ وَقُلُوبُهُمْ إِلَىٰ ذِكْرِ اَللهِ ذَٰلِكَ هُدَى اَللهِ يَهْدِى بِهِ مَن يَشَآءُ وَمَن يُضْلِلِ اَللهُ فَمَا لَهُ مِنْ هَادٍ ﴿٢٣﴾

আলাহ্‌ অবতীর্ণ করিয়াছেন উত্তম বাণী সম্বলিত কিতাব যাহা সুসমঞ্জস এবং যাহা পুনঃ পুনঃ আবৃত্তি করা হয় । ইহাতে, যাহারা তাহাদের প্রতিপালককে ভয় করে, তাহাদের গাত্র রোমাঞ্চিত হয়, অতঃপর তাহাদের দেহমন বিনম্র হইয়া আলাহ্‌র স্মরণে ঝুঁকিয়া পড়ে । ইহাই আলাহ্‌র পথনির্দেশ, তিনি উহা দ্বারা যাহাকে ইচ্ছা পথ প্রদর্শন করেন । আলাহ্‌ যাহাকে বিভ্রান্ত করেন তাহার কোন পথপ্রদর্শক নাই । সূরা যুমার ৩৯ঃ ২৩

৬। **তাদের সতর্ক করে দাও আসন্ন দ্বীন সম্পর্কে যখন দুঃখ-দুর্দশায় তাদের প্রাণ (হৃদয়) হবে উষ্ঠাগত।**



To learn more click here

وَأَنذِرْهُمْ يَوْمَ ٱلْأَزِفَةِ إِذِ ٱلْقُلُوبُ لَدَى ٱلْحَنَاجِرِ كَاظِمِينَ مَا لِلظَّالِمِينَ مِنْ حَمِيمٍ وَلَا شَفِيعٍ يُطَاعُ ﴿١٨﴾

উহাদেরকে সতর্ক করিয়া দাও আসন্ন দিন সম্পর্কে যখন দুঃখ-কষ্টে উহাদের প্রাণ কণ্ঠাগত হইবে। জালিমদের জন্য কোন অন্তরংগ বন্ধু নাই, যাহার সুপারিশ গ্রাহ্য হইবে এমন কোন সুপারিশকারীও নাই। সূরা আল মু'মিন ৪০ঃ ১৮

৭। **<u>তারা কি কোরআন নিয়ে চিন্তা-গবেষণা করে না? নাকি তাদের অন্তর তালাবদ্ধ?</u>**

أَفَلَا يَتَدَبَّرُونَ ٱلْقُرْآنَ أَمْ عَلَىٰ قُلُوبٍ أَقْفَالُهَا ﴿٢٤﴾

তবে কি উহারা কুরআন সম্বন্ধে অভিনিবেশ সহকারে চিন্তা করে না ? না উহাদের অন্তও তালাবদ্ধ ? সূরা মুহাম্মাদ ৪৭ঃ ২৪

৮। **<u>বরং তোমরা বলো, আমরা আত্মসমর্পণ করেছি। কারণ, ঈমান এখনও তোমাদের অন্তরে প্রবেশ করেনি।</u>**

قَالَتِ ٱلْأَعْرَابُ آمَنَّا قُل لَّمْ تُؤْمِنُوا۟ وَلَـٰكِن قُولُوٓا۟ أَسْلَمْنَا وَلَمَّا يَدْخُلِ ٱلْإِيمَانُ فِى قُلُوبِكُمْ وَإِن تُطِيعُوا۟ ٱللَّهَ وَرَسُولَهُ لَا يَلِتْكُم مِّنْ أَعْمَالِكُمْ شَيْئًا إِنَّ ٱللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٤﴾

বেদুঈনরা বলে, 'আমরা ঈমান আনিলাম।' বল, 'তোমরা ঈমান আন নাই', বরং তোমরা বল, 'আমরা আত্মসমর্পণ করিয়াছি' ; কারণ ঈমান এখনও তোমাদের অন্তরে প্রবেশ করে নাই। যদি তোমরা আল্লাহ্ ও তাঁহার রাসূলের আনুগত্য কর তবে তোমাদের কর্মফল সামান্য পরিমাণও লাঘব করা হইবে না। আল্লাহ্ তো ক্ষমাশীল, পরম দয়ালু।" সূরা হুজরাত ৪৯ঃ ১৪

৯। **<u>যারা ঈমান এনেছে, আল্লাহর যিকির এবং তিনি যে মহাসত্য (আল কোরআন) নাযিল করেছেন তার পাঠে তাদের হৃদয় বিগলিত হবার সময় কি এখনো হয়নি?</u>**

أَلَمْ يَأْنِ لِلَّذِينَ آمَنُوٓا۟ أَن تَخْشَعَ قُلُوبُهُمْ لِذِكْرِ ٱللَّهِ وَمَا نَزَلَ مِنَ ٱلْحَقِّ وَلَا يَكُونُوا۟ كَٱلَّذِينَ أُوتُوا۟ ٱلْكِتَابَ مِن قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ ٱلْأَمَدُ فَقَسَتْ قُلُوبُهُمْ وَكَثِيرٌ مِّنْهُمْ فَاسِقُونَ ﴿١٦﴾



To learn more click here

যাহারা ঈমান আনে তাহাদের হৃদয় ভক্তি-বিগলিত হইবার সময় কি আসে নাই, আলাহ্র স্মরণে এবং যে সত্য অবতীর্ণ হইয়াছে তাহাতে ? এবং পূর্বে যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল তাহাদের মত যেন উহারা না হয়-বহু কাল অতিক্রান্ত হইয়া গেলে যাহাদের অন্তকরণ কঠিন হইয়া পড়িয়াছিল । উহাদের অধিকাংশই সত্যত্যাগী । সূরা হাদীদ ৫৭ঃ ১৬

**১০।** <u>**না তা কখনও নয়, বরং তাদের হৃদয়গুলোতে জং ধরিয়ে দিয়েছে তাদের (মন্দ) কর্ম।**</u>

كَلَّا بَلْ رَانَ عَلَىٰ قُلُوبِهِم مَّا كَانُوا يَكْسِبُونَ ﴿١٤﴾

কখনও নয় ; বরং উহাদের কৃতকর্মই উহাদের হৃদয়ে জং ধরাইয়াছে । সূরা মুতাফফিফীন ৮৩ঃ ১৪

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা কোরআন তেলাওয়াত করি, অর্থ বুঝি, এবং হৃদয় দিয়ে উপলব্ধি করি। কোরআন ও সহহীহ হাদীস নির্দেশিত পথে নিজেদেরকে, পরিবারের সদস্যদেরকে, পাড়া-প্রতিবেশীদেরকে, আত্মীয় স্বজনদেরকে, ও সমাজের মুসলমানদেরকে পরিচালিত করি/ পরিচালনা করার আহ্বান করি।

আমরা অতীতের ভুল-ভ্রান্তির জন্য আল্লাহ রাব্বুল আলামিনের কাছে ক্ষমা প্রার্থনা করি। তাওবা করে কোরআন ও সহীহ হাদীসের নির্দেশিত পথে ফিরে আসি।

হে আল্লাহ, আমাদের কবুল করো, দুনিয়া ও আখেরাতে আমাদেরকে কল্যাণ দান করো।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।



To learn more click here